

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৯৪

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ مُحَمَّدِ الْبَاهِلِيُّ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الصَّمَدِ بْنِ أَبِي خِدَاشٍ ، نَا عَمَّارُ بْنُ مَطَرٍ ، نَا أَبُو يُوسُفَ يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِد ، عَنِ الشَّعْبِيّ ، عَنْ قَمِيرَ _ امْرَأَةِ مَسْرُوقٍ _ ، عَنْ عَائِشَةَ : أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ عَنِ الشَّعْبِيّ ، عَنْ قَمِيرَ _ امْرَأَةِ مَسْرُوقٍ _ ، عَنْ عَائِشَةَ : أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ أَتَتْ رَسُولَ اللَّهِ ، إِنِّي امْرَأَةٌ أَسْتَحَاضُ ، فَقَالَ لَهَا النَّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ " إِنَّمَا ذَاكِ عِرْقٌ ، فَانْظُرِي أَيَّامَ أَشْرَائِكُ ، فَإِذَا جَاوَزْتِ فَاغْتَسِلِي وَاسْتَنْقِي ، ثُمَّ تَوَضَّئِي لِكُلِّ صَلَاةٍ " . تَفَرَّدَ بِهِ عَمَّارُ بْنُ مَطَرٍ ، وَهُو ضَعِيفٌ ، عَنْ أَبِي يُوسُفَ وَالَّذِي عِنْدَ النَّاسِ : عَنْ إِسْمَاعِيلَ ، بِهَذَا الْإِسْنَادِ مَطُرٍ ، وَهُو ضَعِيفٌ ، عَنْ أَبِي يُوسُفَ وَالَّذِي عِنْدَ النَّاسِ : عَنْ إِسْمَاعِيلَ ، بِهَذَا الْإِسْنَادِ ، مَوْقُوفًا : " الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلَاةَ أَيَّامَ أَقْرَائِهَا ، ثُمَّ تَغْتَسِلُ وَتَتَوَضَّأُ لِكُلِّ صَلَاةٍ ، مَوْقُوفًا : " الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلَاةَ أَيَّامَ أَقْرَائِهَا ، ثُمَّ تَغْتَسِلُ وَتَتَوَضَاّ أُ لِكُلِّ صَلَاةٍ ، مُوثُوفًا : " الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلَاةَ أَيَّامَ أَقْرَائِهَا ، ثُمَّ تَغْتَسِلُ وَتَتَوَضَاّ أُلِكُلِّ صَلَاةٍ

বাংলা

৭৯৪(৩২). মুহাম্মাদ ইবনে সুলায়মান ইবনে মুহাম্মাদ আল-বাহিলী (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। ফাতেমা বিনতে আবু হুবায়েশ (রাঃ) রাসূল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমি একজন রক্তপ্রদরের রোগিনী। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, এটা একটা শিরার রক্ত। তুমি তোমার মাসিক ঋতুর কয়দিন অপেক্ষা করো (নামায ছেড়ে দাও)। মাসিক ঋতুর স্বাভাবিক মেয়াদ অতিবাহিত হওয়ার পর তুমি গোসল করে পরিচ্ছন্ন হবে, তারপর প্রতি ওয়াক্ত নামাযের জন্য উযু করবে।

এই হাদীস কেবল আমর ইবনে মাতারই বর্ণনা করেছেন আবু ইউসুফ (রহঃ) সূত্রে এবং তিনি হাদীসশাস্ত্রে দুর্বল। এই হাদীস এই সূত্রে ইসমাঈল (রহঃ) থেকে অন্যান্য লোকেরা মাওকুফরূপে বর্ণনা করেছেনঃ "ইস্তিহাযার রোগিনী তার মাসিক ঋতুর দিনগুলোতে নামায পড়বে না। তারপর সে গোসল করবে এবং প্রতি ওয়াক্ত নামাযের জন্য উযু করবে"।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 80583$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন